# বাস্তবায়ন সংক্রান্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**বাস্তবায়ন-১ শাখা**

নং মপবি(বাস্তবায়ন-১)/১/২০০৫-৭৪(৪৭), তারিখ, ৭ বৈশাখ ১৪১২/২০ এপ্রিল ২০০৫।

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগ থেকে ইতঃপূর্বে উপানুষ্ঠানিক পত্রের মাধ্যমে আন্তঃমন্ত্রণালয় সভাসমূহকে কার্যকরী ও ফলপ্রসূ করার বিষয়ে সরকারের নিম্নরূপ নির্দেশনা অবহিত করা হয়েছিল ঃ—

> "আন্তঃমন্ত্রণালয় সভাসমূহে সরকারের গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়ে থাকে। এসব সভার আলোচনাকে যথার্থই অর্থবহ, বিশ্লেষণধর্মী এবং নিবিড় করতে হবে। মন্ত্রণালয়/বিভাগের প্রতিনিধি উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট থেকে সু-নির্দিষ্ট দিক নির্দেশনা গ্রহণ করে যথাযথ প্রস্তুতিসহ এসব সভায় অংশগ্রহণ করবেন।"

২। লক্ষ্য করা যাচ্ছে যে, আন্তঃমন্ত্রণালয় সভাসমূহ যথার্থই অর্থবহ করার জন্য প্রদত্ত এ দিকনির্দেশনা যথাযথভাবে প্রতিপালিত হচ্ছে না। ফলশ্রুতিতে আন্তঃমন্ত্রণালয় সভায় গৃহীত সিদ্ধান্তের গুণগত মান ক্ষুন্ন হচ্ছে।

৩। এমতাবস্থায়, উপরোক্ত অনুশাসন আন্তরিকভাবে অনুসরণের মাধ্যমে আন্তঃমন্ত্রণালয় সভাসমূহকে আরও ফলপ্রসূ ও কার্যকরী করার ব্যবস্থা গ্রহণের জন্য তাঁকে অনুরোধ করা হ'ল।

**ইসতিয়াক আহমদ**
উপ-সচিব(মন্ত্রিসভা),
ফোন ঃ ৭১৬৬২৬০।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**বাস্তবায়ন-১ শাখা**

নং মপবি(বাস্ত-১)মসবৈ-১৩(৪)/২০০৩/৪-৪৭(৮৬), তারিখ, ১১ বৈশাখ ১৪১০/২৪ এপ্রিল ২০০৩।

**অফিস স্মারক**

বিষয় ঃ **মন্ত্রিসভা বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন নিশ্চিতকরণ সম্পর্কিত।**

মন্ত্রিসভা বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে সরকার নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে ঃ—

(১) সকল মন্ত্রণালয়/বিভাগের সচিববৃন্দকে মন্ত্রিসভা বৈঠকে গৃহীত সিদ্ধান্তকে সর্বাধিক গুরুত্বপূর্ণ নির্বাহী আদেশ/কর্মসূচি হিসাবে গণ্য করিয়া উহা বাস্তবায়নে তৎপর হইতে হইবে। কোন অবস্থাতেই মন্ত্রিসভা বৈঠকে গৃহীত সিদ্ধান্ত ফেলিয়া রাখা যাইবে না।

(২) কোন সিদ্ধান্ত বাস্তবায়নের সহিত একাধিক মন্ত্রণালয়/বিভাগের সংশ্লিষ্টতা থাকিলে প্রস্তাবক/উদ্যোক্তা মন্ত্রণালয়/বিভাগ আন্তঃমন্ত্রণালয় পরামর্শের মাধ্যমে সমন্বয় সাধন করিয়া সেই সকল সিদ্ধান্তের দ্রুত বাস্তবায়ন নিশ্চিত করিবে।

(৩) মন্ত্রিসভার কোন সিদ্ধান্ত বাস্তবায়ন করা সম্ভব না হইলে তাহা পুনর্বিবেচনার জন্য অবিলম্বে মন্ত্রিসভায় উপস্থাপন করিতে হইবে।

(৪) মন্ত্রিসভা কমিটিসমূহকে অধিকতর কার্যকর করিবার লক্ষ্যে কমিটিসমূহের বৈঠক নিয়মিতভাবে অনুষ্ঠানের বিষয়টি নিশ্চিত করিতে হইবে। সংশ্লিষ্ট মন্ত্রিসভা কমিটিসমূহকে সাচিবিক সহায়তা প্রদানকারী মন্ত্রণালয়/বিভাগ এই ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিবে।

২। সংশ্লিষ্ট সকলকে উক্ত বিষয়গুলি যথাযথভাবে অনুসরণের জন্য অনুরোধ করা হইল।

**মোঃ মিজানুর রহমান**
যুগ্মসচিব(মন্ত্রিসভা),
ফোনঃ ৭১৬৪৪৪।

# রিপোর্ট বিষয়ক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**রিপোর্ট শাখা**

নং মপবি/রিপোর্ট/মাসিক-১/২০০১(অংশ-১)/১২০, তারিখ, ৮ ভাদ্র ১৪১১/২৩ আগস্ট ২০০৪।

বিষয় ঃ **মন্ত্রণালয়/বিভাগসমূহের কর্মকান্ডের মাসিক প্রতিবেদনের উপর মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত পর্যালোচনা সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসংগে।**

মন্ত্রণালয়/বিভাগসমূহের কর্মকান্ডের মাসিক প্রতিবেদনের উপর মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে ১৪ আগস্ট ২০০৪ তারিখে অনুষ্ঠিত পর্যালোচনা সভায় সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে যে,

'যে সব নন-গেজেটেড শূন্য পদ পূরণের লক্ষ্যে এখনও বিজ্ঞপ্তি জারি/প্রকাশ করা হয়নি, সে সব পদ পূরণের ক্ষেত্রে সংস্থাপন মন্ত্রণালয় হতে জারিকৃত ১৬ জুন ২০০৪ তারিখের পরিপত্রটি প্রযোজ্য হবেনা। অর্থাৎ এসব নন-গেজেটেড শূন্য পদ পূরণের ক্ষেত্রে সংস্থাপন মন্ত্রণালয়ের ছাড়পত্র গ্রহণ করতে হবে। সংস্থাপন মন্ত্রণালয় তাদের জারিকৃত ১৬ জুন ২০০৪ তারিখের পরিপত্রটি এ মর্মে সংশোধন করবে।'

২। উপর্যুক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে তাঁকে অনুরোধ করা হলো।

**লুৎফুন নাহার বেগম**
সিনিয়র সহকারী সচিব,
ফোনঃ ৯৫৫৭৪৪৯।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**রিপোর্ট শাখা**

নং মপবি/রিপোর্ট/মাসিক-১/(৫)/২০০২-৬২(৫০), তারিখ, ১৫ জুলাই ২০০২/৩১ আষাঢ় ১৪০৯।

**পরিপত্র**

বিষয় ঃ **মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার শূন্য পদ পূরণ।**

সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে যে চিকিৎসক, নার্স, শিক্ষক/প্রশিক্ষক, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, বিশেষায়িত প্রতিষ্ঠানের টেকনিশিয়ান ও কম্পিউটার টেকনিশিয়ান পদ ব্যতীত অন্যান্য শূন্য পদে লোক নিয়োগের ক্ষেত্রে প্রধানমন্ত্রীর কার্যালয়ের অব্যাহতি পত্র গ্রহণের পর সংস্থাপন মন্ত্রণালয়ের ছাড়পত্র সংগ্রহ করিতে হইবে।

২। সংস্থাপন মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট মন্ত্রণালয় হইতে প্রস্তাব প্রাপ্তির সপ্তম কর্মদিবসের মধ্যে মতামত প্রদান নিশ্চিত করিবে, অন্যথায় ছাড়পত্র প্রদান করা হইয়াছে বলিয়া ধরিয়া নেওয়া হইবে।

বদরুল আলম তরফদার
উপ-সচিব (রিপোর্ট)
ফোনঃ ৮৬১৯৩৬০।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**রিপোর্ট শাখা**

নং মপবি/রিপোর্ট/মাসিক-১/২০০১(অংশ-১)/৩৭(৫০), তারিখ, ৯ চৈত্র ১৪১০/২৩ মার্চ ২০০৪।
বিষয়ঃ **মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার শূন্যপদ পূরণ সংক্রান্ত।**

সূত্রঃ **মন্ত্রিপরিষদ বিভাগের পরিপত্র নং মপবি/রিপোর্ট/মাসিক-১(৫)/২০০২-৬২(৫০) তারিখ ১৫ জুলাই ২০০২।**

উপর্যুক্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত শূন্য পদে লোক নিয়োগের ছাড়পত্র প্রদান সংক্রান্ত পরিপত্রের ২য় অনুচ্ছেদে বর্ণিত "সংস্থাপন মন্ত্রণালয় সংশ্লিষ্ট মন্ত্রণালয় হইতে প্রস্তাব প্রাপ্তির সপ্তম কর্মদিবসের মধ্যে মতামত প্রদান নিশ্চিত করিবে, অন্যথায় ছাড়পত্র প্রদান করা হইয়াছে বলিয়া ধরিয়া নেওয়া হইবে" অংশটুকু নির্দেশক্রমে বাতিল করা হলো।

**লুৎফুন নাহার বেগম**
সিনিয়র সহকারী সচিব,
ফোনঃ ৯৫৫৭৪৪৯।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**রিপোর্ট শাখা**

বিষয় ঃ **মন্ত্রিপরিষদ বিভাগের ২০০৪-০৫ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

Rules of Business, 1996 এর Rule 25 (3) এ মন্ত্রণালয়/বিভাগসমূহ কর্তৃক প্রতি অর্থবছরে (১ জুলাই থেকে ৩০ জুন) সম্পাদিত কর্মকান্ডের বার্ষিক প্রতিবেদন সংকলন করে মন্ত্রিসভা বৈঠকে উপস্থাপনের নির্দেশনা রয়েছে। তদনুযায়ী প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি কর্তৃক প্রণীত ছকে তথ্য সংগ্রহ ও সংকলন করে মন্ত্রণালয়/বিভাগসমূহের বার্ষিক প্রতিবেদন প্রতিবছর ৩০ নভেম্বর এর মধ্যে প্রস্তুতপূর্বক মন্ত্রিসভা বৈঠকে পেশ করা হচ্ছে।

২। প্রতি বছরের ন্যায় এবারও মন্ত্রণালয়/বিভাগের ২০০৪-০৫ অর্থবছরের কর্মকান্ডে বার্ষিক প্রতিবেদন নির্দিষ্ট সময়ে (নভেম্বর ২০০৫) মন্ত্রিসভা বৈঠকে উপস্থাপনের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রস্তুতের জন্য তাঁর শাখার ২০০৪-০৫ অর্থবছরে সম্পাদিত গুরুত্বপূর্ণ কর্মকান্ড,; আইন, বিধি বা নীতি প্রণয়ন/সংশোধন; গুরুত্বপূর্ণ পরিপত্র ইত্যাদি বিষয় উল্লেখপূর্বক নির্ধারিত বার্ষিক প্রতিবেদন ছক (কপি সংযুক্ত) যথাযথভাবে পূরণ করে ১৫ আগস্ট ২০০৫ তারিখের মধ্যে রিপোর্ট শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি ঃ বর্ণনামতে একপ্রস্ত বাষিক প্রতিবেদন ছক।

লুৎফুন নাহার বেগম
সিনিয়র সহকারী সচিব,
ফোন ঃ ৯৫৫৭৪৪৯।

---

ইউ, ও নং মপবি/রিপোর্ট/বার্ষিক-৩/২০০৫/২৩৩ , তারিখ, ০৯ জুলাই ২০০৫

**মন্ত্রণালয়/বিভাগসমূহের বার্ষিক প্রতিবেদন ছক**

**মন্ত্রণালয়/বিভাগের নাম ঃ** **আওতাধীন অধিদপ্তর/সংস্থার সংখ্যা**

**প্রতিবেদনাধীন বছর ঃ** **প্রতিবেদন প্রস্তুতির তারিখ ঃ**

(১) প্রশাসনিক

১.১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেট) ঃ

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণ কৃত পদ | শূন্য পদ | বছরভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত ) অস্থায়ী পদ |
|---|---|---|---|---|
| মন্ত্রণালয় | | | | |
| অধিদপ্তর/সংস্থাসমূহ/সংযুক্ত অফিস (মোট পদ সংখ্যা) | | | | |
| মোট | | | | |

১.২ শূন্য পদের বিন্যাস

| যুগ্ম-সচিব/তদূর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ | অন্যান্য ১ম শ্রেণীর পদ | ২য় শ্রেণীর পদ | ৩য় শ্রেণীর পদ | ৪র্থ শ্রেণীর পদ | মোট |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |

১.৩ অতীব গুরুত্বপূর্ণ (Strategic) পদ শূন্য থাকলে তার তালিকা ঃ

১.৪ শূন্য পদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা ঃ

১.৫ অন্যান্য পদের তথ্য ঃ

| প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরের জন্য প্রক্রিয়াধীন পদের সংখ্যা |
|---|---|
| | |

১.৬ নিয়োগ/পদোন্নতি প্রদান ঃ

| প্রতিবেদনাধীন বছরে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| | | | | | | |

* কোন সংলগ্নী ব্যবহার করার প্রয়োজন নাই।

১.৭ ভ্রমণ/পরিদর্শন (দেশে) ঃ

| ভ্রমণ/পরিদর্শন (মোট দিনের সংখ্যা) | মন্ত্রী | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী | সচিব | মন্তব্য |
|---|---|---|---|---|
| উন্নয়ন প্রকল্প পরিদর্শন | | | | |
| পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ | | | | |

১.৮ ভ্রমণ/পরিদর্শন (বিদেশে) ঃ

| | মন্ত্রী | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী | সচিব | মন্তব্য |
|---|---|---|---|---|
| ভ্রমণ/পরিদর্শন (মোট দিনের সংখ্যা) | | | | |
| | | | | |

১.৯ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা ঃ

**(২) অডিট আপত্তি**

২.১ অডিট আপত্তি সংক্রান্ত তথ্য ঃ

(টাকার অংক কোটি টাকায় প্রদান করতে হবে)

| মন্ত্রণালয়/সংস্থার নাম | অডিট আপত্তি | | ব্রডশীটে জবাবের সংখ্যা | নিষ্পত্তি | | জের | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | সংখ্যা | টাকার পরিমাণ | | সংখ্যা | টাকার পরিমাণ | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| মোট | | | | | | | |

২.২ অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/ অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে সব কেসসমূহের তালিকা ঃ

(৩) দুর্নীতি ও শৃঙ্খলা (মন্ত্রণালয় ও অধিদপ্তর/ সংস্থার সম্মিলিত সংখ্যা)

| প্রতিবেদনাধীন বছরে মন্ত্রণালয়/ অধিদপ্তর/সংস্থাসমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | | | | অনিষ্পত্তিকৃত বিভাগীয় মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | চাকুরীচ্যুতি/বরখাস্ত | অন্যান্য দন্ড | অব্যাহতি | মোট | |
| মোট | | | | | |

(৪) সরকার কর্তৃক/সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলা

| সরকারী সম্পত্তি/স্বার্থ রক্ষার্থে মন্ত্রণালয় বিভাগ/আওতাধীন সংস্থাসমূহ কর্তৃক দায়েরকৃত মামলার সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ-এর বিরুদ্ধে দায়েরকৃত রীট মামলার সংখ্যা | উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলার সংখ্যা |
|---|---|---|
| | | |

(৫) মানবসম্পদ উন্নয়ন

৫.১ দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ ঃ

| প্রশিক্ষণ কর্মচূচির মোট সংখ্যা | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|
| | |

৫.২ মন্ত্রণালয়/অধিদপ্তর কর্তৃক পূর্ববর্তী বছরে কোন ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা ঃ

৫.৩ প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশ গ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা ঃ

৫.৪ মন্ত্রণালয়ে অন্ দা জব ট্রেনিং (OJT) এর ব্যবস্থা আছে কিনা ; না থাকলে অন্ দা জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না ঃ

৫.৫ প্রতিবেদনাধীন বছরে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা ঃ

(৬) সেমিনার/ওয়ার্কশপ সংক্রান্ত তথ্য

| দেশের অভ্যন্তরে সেমিনার/ওয়ার্কশপের সংখ্যা | সেমিনার/ওয়ার্কশপে অংশগ্রহণকারীদের সংখ্যা |
|---|---|
| | |

(৭) কম্পিউটারায়ন সংক্রান্ত তথ্য

| মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা সমূহে মোট কম্পিউটারের সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা সমূহে ইন্টারনেট সুবিধা আছে কি না | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা সমূহে লেন (LAN) সুবিধা আছে কি না | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা সমূহে ওয়েন (WAN) সুবিধা আছে কি না | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহে কম্পিউটার প্রশিক্ষিত জনবলের সংখ্যা | |
|---|---|---|---|---|---|
| | | | | কর্মকর্তা | কর্মচারী |
| | | | | | |

(৮) আদায়কৃত রাজস্ব/উদ্বৃত্ত/লভ্যাংশ থেকে সরকারি কোষাগারে জমার পরিমাণ (কোটি টাকায়)

| | | ২০০৪-০৫ | | ২০০৩-০৪ | | হ্রাস(-)/বৃদ্ধির (+) হার |
|---|---|---|---|---|---|---|
| | | লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | |
| রাজস্ব আয় | ট্যাক্স রেভিন্যু | | | | | |
| | নন-ট্যাক্স রেভিন্যু | | | | | |
| উদ্বৃত্ত (ব্যবসায়িক আয় থেকে) | | | | | | |
| লভ্যাংশ হিসাবে | | | | | | |

**(৯) প্রতিবেদনাধীন বছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলি/আইন, বিধি ও নীতি প্রণয়ন/সমস্যা-সঙ্কট**

৯.১ প্রতিবেদনাধীন বছরে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকা ঃ

৯.২ প্রতিবেদনাধীন বছরে সম্পাদিত গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কর্মকান্ড ঃ

৯.৩ ২০০৫-০৬ অর্থবছরে মন্ত্রণালয়ের কর্মকান্ড সম্পাদনের লক্ষ্যে বড় রকমের কোন সমস্যা/সংকটের আশঙ্কা করা হলে তার বিবরণ ঃ

**(১০) মন্ত্রণালয়ের উদ্দেশ্য সাধন সংক্রান্ত**

১০.১ ২০০৪-০৫ অর্থ বছরের কর্মকান্ডের মাধ্যমে মন্ত্রণালয়ের আরব্ধ উদ্দেশ্যাবলি সন্তোষজনকভাবে সাধিত হয়েছে কি?

১০.২ উদ্দেশ্যাবলি সাধিত না হয়ে থাকলে তার কারণসমূহ ঃ

১০.৩ মন্ত্রণালয়ের আরব্ধ উদ্দেশ্যাবলি আরো দক্ষতা ও সাফল্যের সাথে সাধন করার লক্ষ্যে যে সব ব্যবস্থা/পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে, সে সম্পর্কে মন্ত্রণালয়ের সুপারিশ ঃ

**(১১) উৎপাদন বিষয়ক (শুধুমাত্র সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে পূরণ করতে হবে)**

১১.১ কৃষি/শিল্প পণ্য, সার, জ্বালানি ইত্যাদি ঃ

| পণ্যের নাম | প্রতিবেদনাধীন অর্থ বছরে উৎপাদনের লক্ষ্যমাত্রা | প্রতিবেদানাধীন অর্থ বছরের প্রকৃত উৎপাদন | লক্ষ্যমাত্রা অনুযায়ী উৎপাদনের শতকরা হার | দেশজ উৎপাদনে দেশের অভ্যন্তরীণ চাহিদার কত শতাংশ মেটানো যাচ্ছে | ২০০৩-০৪ অর্থ বছরে উৎপাদন |
|---|---|---|---|---|---|
| ধান | | | | | |
| গম | | | | | |
| পাট | | | | | |
| আলু | | | | | |
| পিয়াজ | | | | | |
| বস্ত্র | | | | | |
| পাটজাত দ্রব্য | | | | | |
| সার(ইউরিয়া) | | | | | |
| লবণ | | | | | |
| চিনি | | | | | |
| মৎস্য | | | | | |
| মাংস | | | | | |
| দুধ | | | | | |
| গ্যাস | | | | | |

১১.২ কোন বিশেষ সামগ্রী/সার্ভিসের উৎপাদন বা সরবরাহ, মূল্যের স্থিতিশীলতার ক্ষেত্রে বড় রকমের সমস্যা বা সংকট হয়েছিল কি? নিকট ভবিষ্যতে মারাত্মক কোন সমস্যার আশংকা থাকলে তার বর্ণনা ঃ

১১.৩ বিদ্যুৎ সরবরাহ (মেঘাওয়াট) ঃ

| প্রতিবেদনাধীন বছর | | পূর্ববর্তী বছর | |
|---|---|---|---|
| সর্বোচ্চ চাহিদা | সর্বোচ্চ উৎপাদন | সর্বোচ্চ চাহিদা | সর্বোচ্চ উৎপাদন |
| | | | |

১১.৪ বিদ্যুৎ-এর গড় সিস্টেম লস (শতকরা হারে) ঃ

| সংস্থার নাম | প্রতিবেদনাধীন বছর | পূর্ববর্তী বছর | পূর্ববর্তী বছরের তুলনায় হ্রাস (-)/বৃদ্ধি (+) | মন্তব্য |
|---|---|---|---|---|
| পিডিবি | | | | |
| ডেসা | | | | |
| আরইবি | | | | |

১১.৫ জ্বালানি তেলের সরবরাহ (মেঃ টন ) ঃ

| প্রতিবেদনাধীন বছর | | পূর্ববর্তী বছর | |
|---|---|---|---|
| চাহিদা | সরবরাহ | চাহিদা | সরবরাহ |
| | | | |

১১.৬ ঢাকা-চট্টগ্রাম মেট্রো এলাকায় পানি সরবরাহ (লক্ষ গ্যালন) ঃ

| | প্রতিবেদনাধীন বছর | | পূর্ববর্তী বছর | |
|---|---|---|---|---|
| মেট্রো এলাকা | চাহিদা | সরবরাহ | চাহিদা | সরবরাহ |
| ঢাকা | | | | |
| চট্টগাম | | | | |

**(১২) আইন-শৃঙ্খলা বিষয়ক (শুধুমাত্র স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য)**

১২.১ অপরাধ সংক্রান্ত ঃ

| অপরাধের ধরণ | অপরাধের সংখ্যা | | |
|---|---|---|---|
| | প্রতিবেদনাধীন বছর | পূর্ববর্তী বছর | অপরাধের হ্রাস (-)/বৃদ্ধি (+) |
| খুন | | | |
| ধর্ষণ | | | |
| অগ্নিসংযোগ | | | |
| এসিড নিক্ষেপ | | | |
| নারী নির্যাতন | | | |
| ডাকাতি/রাহাজানি | | | |
| অস্ত্র/বিস্ফোরক সংক্রান্ত | | | |

১২.২ দ্রুত বিচার আইনের প্রয়োগ ঃ

| আইন জারির পর ক্রমপুঞ্জিভূত মামলার সংখ্যা (আসামির সংখ্যা) | প্রতিবেদনাধীন বছরে গ্রেপ্তারকৃত আসামির সংখ্যা | আইন জারির পর ক্রমপুঞ্জিভূত গ্রেপ্তারকৃত আসামির সংখ্যা | কোর্ট কর্তৃক নিষ্পত্তিকৃত ক্রমপুঞ্জিভূত মামলার সংখ্যা | শাস্তি হয়েছে এমন মামলার ক্রমপুঞ্জিভূত সংখ্যা (শাস্তিপ্রাপ্ত আসামির সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | | |

১২.৩ ৩০ শে জুন ২০০৫ পর্যন্ত ফৌজদারি মামলা সংক্রান্ত তথ্য (মন্ত্রিপরিষদ বিভাগের জন্য) ঃ

| ক্রমপুঞ্জিভুত অনিষ্পন্ন ফৌজদারি মামলার সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে মোট শাস্তিপ্রাপ্ত আসামির সংখ্যা | পূর্ববর্তী বছরে মোট শাস্তিপ্রাপ্ত আসামির সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | পূর্ববর্তী বছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা |
|---|---|---|---|---|
| | | | | |

১২.৪ ৩০ শে জুন ২০০৫ তারিখে জেলে বন্দির সংখ্যা ঃ

| বন্দির ধরণ | বন্দির সংখ্যা | | | মন্তব্য |
|---|---|---|---|---|
| | প্রতিবেদনাধীন বছর | পূর্ববর্তী বছর | বন্দির সংখ্যার হ্রাস (-) বৃদ্ধি(+) | |
| হাজতি | | | | |
| সাজাপ্রাপ্ত কয়েদী | | | | |
| ডিটেন্যু | | | | |
| মোট | | | | |

১২.৫ স্থল, নৌ ও আকাশ পথে বাংলাদেশে আগত বিদেশী নাগরিক (যাত্রী) এর সংখ্যা ঃ

| | প্রতিবেদনাধীন বছর | পূর্ববর্তী বছর | হ্রাস(-)/বৃদ্ধি(+) |
|---|---|---|---|
| মোট যাত্রীর সংখ্যা | | | |
| পর্যটকের সংখ্যা | | | |

১২.৬ সীমান্ত সংঘর্ষের সংখ্যা ঃ

| | ২০০৪-০৫ | ২০০৩-০৪ | হ্রাস(-)/বৃদ্ধি(+) |
|---|---|---|---|
| বাংলাদেশ-ভারত সীমান্ত | | | |
| বাংলাদেশ-মিয়ানমার সীমান্ত | | | |

১২.৭ সীমান্তে বাংলাদেশের সাধারণ নাগরিক হত্যার সংখ্যা ঃ

| | ২০০৪-০৫ | ২০০৩-০৪ | হ্রাস(-)/বৃদ্ধি(+) |
|---|---|---|---|
| বি এস এফ কর্তৃক | | | |
| মিয়ানমার সীমান্তরক্ষী কর্তৃক | | | |

(১৩) অর্থনৈতিক (শুধুমাত্র অর্থ বিভাগের জন্য)

| আইটেম | প্রতিবেদনাধীন বছর | পূর্ববর্তী বছর | পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা বৃদ্ধি(+) বা হ্রাস(-) এর হার |
|---|---|---|---|
| ১। বৈদেশিক মুদ্রার রিজার্ভ (মিঃ মার্কিন ডলার) ৩০ শে জুন তারিখে | | | |
| ২। প্রবাস আয় (মিঃ মার্কিন ডলার) | | | |
| ৩। আমদানির পরিমাণ (মিঃ মার্কিন ডলার) | | | |
| ৪। ই,পি,বি-এর তথ্যানুযায়ী রপ্তানির পরিমাণ (মিঃ মার্কিন ডলার) | | | |
| ৫। ক) রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা (কোটি টাকায়)<br>খ) রাজস্ব আদায়ের পরিমাণ (কোটি টাকায়) | | | |
| ৬। মোট অভ্যন্তরীণ ঋণ (কোটি টাকায়) সরকারী খাত (নীট) | | | |
| ৭। ঋণপত্র খোলা (Lcs opening) (মিঃ মার্কিন ডলার)<br>ক) খাদ্য শস্য (চাল ও গম)<br>খ) অন্যান্য | | | |
| ৮। খাদ্য শস্যের মজুদ (লক্ষ মেঃ টন)(৩০ শে জুন ২০০৫ তারিখে) | | | |
| ৯। জাতীয় ভোক্তা মূল্য সূচক পরিবর্তনের হার (ভিত্তি ১৯৮৫-৮৬-১০০)<br>ক) বারো মাসের গড় ভিত্তিক<br>খ) পয়েন্ট টু পয়েন্ট ভিত্তিক | | | |

১৩.১ সরাসরি বৈদেশিক বিনিয়োগ (ফরেন ডাইরেক্ট ইনভেস্টমেন্ট) সংক্রান্ত (শুধুমাত্র প্রধানমন্ত্রীর কার্যালয়ের জন্য)

| | প্রতিবেদনাধীন বছর | পূর্ববর্তী বছর | |
|---|---|---|---|
| | ২০০৪-০৫ | ২০০২-০৩ | ২০০২-৩ |
| সরাসরি বৈদেশিক বিনিয়োগের পরিমাণ (মিঃ মার্কিন ডলারে) | | | |

(১৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত

১৪.১ উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত (অংকে ও কথায়) ঃ

| প্রতিবেদনাধীন বছরে মোট প্রকল্পের সংখ্যা ও নতুন প্রকল্পের সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়) | প্রতিবেদনাধীন বছরে বরাদ্দের বিপরীতে ব্যয়ের পরিমাণ ও শতকরা ব্যয়ের শতকরা হার | প্রতিবেদনাধীন বছরে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার সংখ্যা |
|---|---|---|---|
| | | | |

১৪.২ প্রকল্পের অবস্থা

| প্রতিবেদনাধীন বছরে সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন বছরে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন বছরে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো |
|---|---|---|
| | | |

১৪.৩ জিডিপি প্রবৃদ্ধির হার ঃ

১৪.৪ মাথাপিছু আয় (মার্কিন ডলারে) ঃ

১৪.৫ দরিদ্র জনগোষ্ঠী সংক্রান্ত তথ্য ঃ

| দারিদ্র সীমার নীচে অবস্থিত জনগোষ্ঠীর ধরণ | | প্রতিবেদনাধীন বছর | পূর্ববর্তী বছর |
|---|---|---|---|
| দারিদ্র সীমার নীচে অবস্থিত অতীব দরিদ্র (Extreme Poor) জনগোষ্ঠী | সংখ্যা | | |
| | শতকরা হার | | |
| দারিদ্র সীমার নীচে অবস্থিত দরিদ্র (Poor) জনগোষ্ঠী | সংখ্যা | | |
| | শতকরা হার | | |

১৪.৬ কর্মসংস্থান সংক্রান্ত তথ্য (ধুমাত্র পরিকল্পনা বিভাগ পূরণ করবে) ঃ

| | প্রতিবেদনাধীন বছর | পূর্ববর্তী বছর |
|---|---|---|
| আনুষ্ঠানিক কর্মসংস্থানের সংখ্যা | | |
| অনানুষ্ঠানিক কর্মসংস্থানের সংখ্যা | | |
| মোট | | |
| বেকারত্বের হার | | |

**(১৫) ঋণ ও অনুদান সংক্রান্ত তথ্য (শুধুমাত্র ই আর ডি পূরণ করবে)**

| ঋণ ও অনুদান চুক্তি স্বাক্ষর | | | ঋণ পরিসেবা দেয়(Debt Service Liabilities) (কোটি টাকা) | ডেট সার্ভিস ঃ রপ্তানি-এর অনুপাত |
|---|---|---|---|---|
| | সংখ্যা | টাকার পরিমাণ (মিঃ মার্কিন ডলার) | | |
| ঋণ | | | | |
| অনুদান | | | | |

## (১৬) পররাষ্ট্র মন্ত্রণালয় সংশ্লিষ্ট তথ্য

১৬.১ সরকার প্রধানের বিদেশ সফর সংক্রান্ত ঃ

| সফর | ২০০৪-০৫ | ২০০৩-০৪ |
|---|---|---|
| বাংলাদেশের সরকার প্রধানের বিদেশ সফরের সংখ্যা | | |
| আন্তর্জাতিক সম্মেলনে যোগদানের সংখ্যা | | |
| দ্বিপাক্ষিক রাষ্ট্রীয় সফরের সংখ্যা | | |

১৬.২ বিদেশী রাষ্ট্র প্রধান/সরকার প্রধানের বাংলাদেশ সফর (তালিকা) ঃ

১৬.৩ আন্তর্জাতিক সংস্থা প্রধানদের বাংলাদেশ সফর (তালিকা) ঃ

১৬.৪ বিদেশে বাংলাদেশের দূতাবাসের সংখ্যা ঃ

১৬.৫ বাংলাদেশে বিদেশের দূতাবাসের সংখ্যা ঃ

## (১৭) শিক্ষা সংক্রান্ত তথ্য (সংশ্লিষ্ট মন্ত্রণালয় পূরণ করবে)

১৭.১ প্রাথমিক শিক্ষা সংক্রান্তসমূহ তথ্য (শুধুমাত্র প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় পূরণ করবে) ঃ

| দেশের সর্বমোট প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা ( ) | ছাত্র ছাত্রীর সংখ্যা | | | স্কুল ত্যাগকারী ছাত্র ছাত্রীর হার | প্রাথমিক বিদ্যালয়ের সর্বমোট শিক্ষকের সংখ্যা | |
|---|---|---|---|---|---|---|
| | ছাত্র | ছাত্রী | মোট | | সর্বমোট | মহিলা (%) |
| সরকারি প্রাথমিক বিদ্যালয় (সংখ্যা ) | | | | | | |
| রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় (সংখ্যা ঃ ) | | | | | | |
| কমিউনিটি প্রাথমিক বিদ্যালয় (সংখ্যা ঃ ) | | | | | | |
| অন্যান্য প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠান (সংখ্যা ) | | | | | | |
| মোট (সংখ্যা ) | | | | | | |

১৭.২ প্রাথমিক বিদ্যালয়ে গমনোপযোগী শিশুর (৬-১০ বছর বয়স) সংখ্যা (শুধুমাত্র প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় পূরণ করবে) ঃ

| প্রাথমিক বিদ্যালয়ে গমনোপযোগী শিশুর সংখ্যা | | |
|---|---|---|
| বালক | বালিকা | মোট |
| | | |

১৭.৩ স্বাক্ষরতার হার (শুধুমাত্র প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় পূরণ করবে) ঃ

| | স্বাক্ষরতার গড় হার | পুরুষদের হার | মহিলাদের হার |
|---|---|---|---|
| ৭+বছর | | | |
| ১৫+বছর | | | |

১৭.৪ মাধ্যমিক (নিম্ন ও উচ্চ মাধ্যমিকসহ) শিক্ষা সংক্রান্ত তথ্য (শুধুমাত্র শিক্ষা মন্ত্রণালয় পূরণ করবে) ঃ

| দেশের সর্বমোট মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা | মাধ্যমিক বিদ্যালয়ের সর্বমোট ছাত্র-ছাত্রীর সংখ্যা | | মাধ্যমিক বিদ্যালয়ের সর্বমোট শিক্ষকের সংখ্যা | | প্রতিবেদনাধীন বছরে পরীক্ষার্থীর সংখ্যা | | |
|---|---|---|---|---|---|---|---|
| | মোট | ছাত্রী(%) | মোট | মহিলা(%) | এস, এস,সি (মাদ্রাসা, কারিগরিসহ) | এইচ,এস,সি (মাদ্রাসা, কারিগরিসহ) | স্নাতক(মাদ্রাসা, কারিগরিসহ) |
| | | | | | | | |

১৭.৫ বিশ্ববিদ্যালয়ের শিক্ষা সংক্রান্ত তথ্য (শুধুমাত্র শিক্ষা মন্ত্রণালয় পূরণ করবে)ঃ

| দেশের সর্বমোট বিশ্ববিদ্যালয়ের সংখ্যা | বিশ্ববিদ্যালয়সমূহ সর্বমোট ছাত্রছাত্রীর সংখ্যা | | বিশ্ববিদ্যালয়সমূহ শিক্ষক শিক্ষিকার সংখ্যা | |
|---|---|---|---|---|
| | মোট সংখ্যা | ছাত্রীর সংখ্যা ও শতকরা হার | মোট | মহিলা শিক্ষিকার সংখ্যা ও শতকরা হার |
| | | | | |

**(১৮) স্বাস্থ্য সংক্রান্ত তথ্য (শুধুমাত্র স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় পূরণ করবে)**

১৮.১ স্বাস্থ্য সংক্রান্ত ঃ

| জন্ম হার | মৃত্যুহার | জনসংখ্যা বৃদ্ধিহার | নবজাতক (Infant) মৃত্যুর হার(প্রতি হাজার জনে) | ৫(পাঁচ) বছর পর্যন্ত শিশু মৃত্যুর হার | মাতৃ মৃত্যুর হার | পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণের হার (সক্ষম দম্পতি) | গড় আয়ু (বছর) | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | মোট | মহিলা |
| | | | | | | | | |

১৮.২ ব্যয় ও অবকাঠামো সংক্রান্তঃ

| মাথাপিছু স্বাস্থ্য ব্যয় | সারাদেশে হাসপাতালের সংখ্যা | | | সারাদেশে হাসপাতাল বেডের মোট সংখ্যা | প্রতি রেজিস্ট্রার্ড ডাক্তার, নার্স, প্যারামেডিকস-এর বিপরীতে জনসংখ্যা | | | মেডিকেল কলেজসমূহে ছাত্রছাত্রীর সংখ্যা | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | সরকারী | বেসরকারী | মোট | | ডাক্তার | নার্স | প্যারামেডিকস | মোট | ছাত্রী(%) |
| | | | | | | | | | |

(১৯) জনশক্তি রপ্তানি সংক্রান্ত (শুধুমাত্র প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় পূরণ করবে)

| জনশক্তি রপ্তানি ও প্রত্যাগমন | ২০০৪-০৫অর্থ বছর | ২০০৩-০৪ অর্থ বছর | শতকরা বৃদ্ধি (+) বা হ্রাস (-) এর হার |
|---|---|---|---|
| বিদেশ জনশক্তি প্রেরণের সংখ্যা | | | |
| বিদেশ থেকে প্রত্যাগত জনশক্তির সংখ্যা | | | |

(২০) হজ্জ সংক্রান্ত (শুধুমাত্র ধর্ম মন্ত্রণালয় পূরণ করবে)

| হজ্জে গমন | ২০০৪-০৫ অর্থ বছর | | | ২০০৩-০৪ অর্থ বছর | | |
|---|---|---|---|---|---|---|
| | পুরুষ | মহিলা | মোট | পুরুষ | মহিলা | মোট |
| হজ্জে গমনকারীর সংখ্যা | | | | | | |

(২১) সামাজিক নিরাপত্তা কর্মসূচি (শুধুমাত্র সমাজকল্যাণ মন্ত্রণালয় পূরণ করবে)

| সামাজিক নিরাপত্তা কর্মসূচির ধরণ | প্রতিবেদনাধীন বছর | পূর্ববর্তী বছর |
|---|---|---|
| বয়স্ক ভাতাভোগীর সংখ্যা | | |
| বিধবা দুঃস্থ মহিলা ভাতা ভোগীর সংখ্যা | | |
| স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলা ভাতা ভোগীর সংখ্যা | | |
| এতিমখানার সংখ্যা | | |
| এতিমের সংখ্যা | | |

(২২) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান

২২.১ সাধারণ তথ্য ঃ

| মারাত্মক লোকসানি প্রতিষ্ঠান/ ইউনিটের নাম ও সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে বিরাষ্ট্রীকৃত হয়েছে এমন মিল/কারখানার নাম ও সংখ্যা | অদূর ভবিষ্যতে ব্যবস্থাপনা বা অন্য কোন গুরুতর সমস্যার সৃষ্টি হতে পারে এমন প্রতিষ্ঠানের নাম |
|---|---|---|
| | | |

২২.২ মন্ত্রণালয়ের আওতাধীন যে সব (বাণিজ্যিক ভিত্তিতে পরিচালিত) প্রতিষ্ঠান ২০০৪-২০০৫ অর্থ বছরে লাভ করেছে তাদের নাম ও সম্ভব হলে লাভের পরিমাণ ঃ

| প্রতিষ্ঠানের নাম | লাভের পরিমাণ |
|---|---|
| | |

সচিব/ভারপ্রাপ্ত সচিবের স্বাক্ষর ঃ

নাম ঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**রিপোর্ট শাখা**

নং মপবি/রিপোর্ট/আঅক/২০০৫/২৪১, তারিখ, ২৪ শ্রাবণ ১৪১২/৮ আগস্ট ২০০৫।

বিষয় ঃ **রাজস্ব ও উন্নয়ন খাতে নিয়োগকৃত জনবলের তথ্য সংগ্রহ ও সংকলনপূর্বক বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোতে প্রেরণ নিশ্চিতকরণের জন্য Focal Point Officer নিয়োগ সংক্রান্ত।**

সূত্র ঃ **সংস্থাপন মন্ত্রণালয়ের আধা সরকারী পত্র নং-সম/সওব্য/গ-১৯/০৪(কর্মসংস্থান)/৮৩-৬৫ তাং ২৭-০৭-২০০৫ খ্রিঃ।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে মন্ত্রিপরিষদ বিভাগের আওতাধীনে রাজস্ব ও উন্নয়ন খাতে নিয়োগকৃত জনবলের তথ্য সংগ্রহ ও সংকলনপূর্বক নির্ধারিত ছকে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোতে প্রেরণ নিশ্চিতকরণের জন্য নিম্নোক্ত কর্মকর্তাকে Focal Point Officer হিসাবে নিয়োগ করা হ'ল ঃ

বেগম লুৎফুন নাহার বেগম
সিনিয়র সহকারী সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়।
ফোনঃ ৯৫৫৭৪৪৯

২। Focal Point Officer হিসেবে বেগম লুৎফন নাহার বেগম নিম্নবর্ণিত দায়িত্ব পালন করবেন ঃ

(ক) মন্ত্রিপরিষদ বিভাগের আওতাধীনে রাজস্ব ও উন্নয়ন খাতে নিয়োগকৃত জনবলের তথ্য সংগ্রহ, সংকলন ও সমন্বয় করে নির্ধারিত ছকে মার্চ/জুন/সেপ্টেম্বর/ডিসেম্বর প্রান্তিকের ত্রৈমাসিক প্রতিবেদন যথাক্রমে প্রতি এপ্রিল/জুলাই/অক্টোবর/জানুয়ারী মাসের ১০ তারিখের মধ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোতে প্রেরণ।

(খ) প্রতিবছর জুলাই মাসের ১৫ তারিখে পূর্ববর্তী জুলাই-জুন সময়ের বার্ষিক প্রতিবেদন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোতে প্রেরণ।

(গ) কোন ত্রৈমাসে জনবল নিয়োগ না হয়ে থাকলে যথাসময়ে শূন্য প্রতিবেদন প্রেরণ।

আ, ই, ম গোলাম কিবরিয়া
উপ-সচিব,

ফোন ঃ৭১৬৯৩৬০।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**রিপোর্ট শাখা**

নং মপবি/রিপোর্ট/মাসিক-১/২০০১(অংশ-১)/৫০(৫০), তারিখ, ৯ বৈশাখ ১৪১১/২২ এপ্রিল ২০০৪।

বিষয়ঃ **বিভাগীয় মামলা দ্রুত নিষ্পত্তিকরণ প্রসঙ্গে।**

বিগত কয়েক মাসের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের মাসিক কর্মকান্ড সংক্রান্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যাচ্ছে যে, মন্ত্রণালয়/বিভাগসমূহে পুঞ্জিভূত বিভাগীয় মামলা নিষ্পত্তি মোটেও আশানুরূপ নয়। বিভাগীয় মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে ইতোপূর্বে এ বিভাগ হতে সকল মন্ত্রণালয়/বিভাগকে কার্যকরি পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছিল।

২। প্রশাসনিক শৃঙ্খলা প্রতিষ্ঠা ও কাজের গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে দ্রুততম সময়ে বিভাগীয় মামলাসমূহ নিষ্পত্তি করা প্রয়োজন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাঁকে অনুরোধ করা হলো।

**মোঃ মিজানুর রহমান**
অতিরিক্ত সচিব,
ফোন ঃ ৭১৬৫১৪১।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**রিপোর্ট শাখা**

নং মপবি/রিপোর্ট/মাসিক-১/২০০১(অংশ-১)/৬৪, তারিখ, ৯ জ্যৈষ্ঠ ১৪১১/২৩ মে ২০০৪।

বিষয়ঃ **মন্ত্রণালয়/বিভাগসমূহের কর্মকান্ডের মাসিক প্রতিবেদনের উপর মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত পর্যালোচনা সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।**

মন্ত্রণালয়/বিভাগসমূহের কর্মকান্ডের মাসিক প্রতিবেদনের উপর মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে ০৫মে ২০০৪ তারিখে অনুষ্ঠিত পর্যালোচনা সভায় সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে যে,

৩১ অক্টোবর ২০০৪ এর মধ্যে নন- গেজেটেড কর্মকর্তা/কর্মচারীদের শূন্য পদের অন্ততঃ ৭০ শতাংশ পদ পুরণ করতে হবে। সকল মন্ত্রণালয়/বিভাগ এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

২। উপর্যুক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে তাঁকে অনুরোধ করা হলো।

**লুৎফুন নাহার বেগম**
সিনিয়র সহকারী সচিব,
ফোন ঃ ৯৫৫৭৪৪৯।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**রিপোর্ট শাখা**

নং মপবি/রিপোর্ট/মাসিক-১/২০০১(অংশ-১)/৬৭, তারিখ, ৯ জ্যৈষ্ঠ ১৪১১/২৩ মে ২০০৪।

বিষয় ঃ **মন্ত্রণালয়/বিভাগসমূহের কর্মকান্ডের মাসিক প্রতিবেদনের উপর মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত পর্যালোচনা সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।**

মন্ত্রণালয়/বিভাগসমূহের কর্মকান্ডের মাসিক প্রতিবেদনের উপর মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে ০৫মে ২০০৪ তারিখে অনুষ্ঠিত পর্যালোচনা সভায় সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে যে,

সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহ পূঞ্জীভূত বিভাগীয় মামলা দ্রুকনিস্পত্তির জন্য ব্যবস্থা গ্রহণ করবে। পরবর্তী সচিব সভায়ও বিভাগীয় মামলা নিস্পত্তির বিষয়টি আলোচনা করা হবে।

২। উপর্যুক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে তাঁকে অনুরোধ করা হলো।

**লুৎফুন নাহার বেগম**
সিনিয়র সহকারী সচিব,
ফোন ঃ ৯৫৫৭৪৪৯।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

রিপোর্ট শাখা।

নং মপবি/রিপোর্ট/মাসিক-১/২০০১(অংশ-১)/৭৪, তারিখ, ২৩ মে ২০০৪/৯ জ্যৈষ্ঠ ১৪১১

**বিষয়ঃ মন্ত্রণালয়/বিভাগসমূহের কর্মকান্ডের মাসিক প্রতিবেদনের উপর মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত পর্যালোচনা সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসংগে।**

মন্ত্রণালয়/বিভাগসমূহের কর্মকান্ডের মাসিক প্রতিবেদনের উপর মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে ৫ মে ২০০৪ তারিখে অনুষ্ঠিত পর্যালোচনা সভায় সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে যে,

সমাপ্ত প্রকল্প/প্রকল্প-কম্পোনেন্টসমূহ দ্রুত উদ্বোধনের উদ্যোগ নিতে হবে। প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনের জন্য নির্ধারিত গুরুত্বপূর্ণ প্রকল্প/প্রকল্প-কম্পোনেন্ট ব্যতিরেকে অন্যান্য সমাপ্ত প্রকল্প/প্রকল্প-কম্পোনেন্টসমূহের গুরুত্ব অনুযায়ী সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মন্ত্রী/অন্যান্য উচ্চ মর্যাদাসম্পন্ন ব্যক্তি কর্তৃক উদ্বোধনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২। উপর্যুক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে তাঁকে অনুরোধ করা হলো।

লুৎফুন নাহার বেগম
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৯৫৫৭৪৪৯।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

রিপোর্ট শাখা।

নং মপবি/রিপোর্ট/মাসিক-১/২০০১(অংশ-১)/১২২, তারিখ, ২৩ আগস্ট ২০০৪/৮ ভাদ্র ১৪১১

**বিষয়ঃ মন্ত্রণালয়/বিভাগসমূহের কর্মকান্ডের মাসিক প্রতিবেদনের উপর মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত পর্যালোচনা সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসংগে।**

মন্ত্রণালয়/বিভাগসমূহের কর্মকান্ডের মাসিক প্রতিবেদনের উপর মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে ১৪ আগস্ট ২০০৪ তারিখে অনুষ্ঠিত পর্যালোচনা সভায় সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে যে,

'মৃত্যুদন্ড প্রাপ্ত আসামিদের জন্য High Security Prison নির্মাণের স্থান হিসেবে গাজীপুর জেলার কাশিমপুরকে নির্বাচন করা হলো। এই স্থানে এক হাজার জনের ধারণ ক্ষমতাসম্পন্ন একটি পৃথক High Security Prison নির্মাণের লক্ষ্যে স্বরাষ্ট্র মন্ত্রণালয় জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।'

২। উপর্যুক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে তাঁকে অনুরোধ করা হলো।'

লুৎফুন নাহার বেগম
সিনিয়র সহকারী সাচব
ফোন ঃ ৯৫৫৭৪৪৯।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

রিপোর্ট শাখা।

নং মপবি/রিপোর্ট/মাসিক-১/২০০১(অংশ-১/১২৩, তারিখ, ২৩ আগস্ট ২০০৪/৮ ভাদ্র ১৪১১

বিষয়ঃ মন্ত্রণালয়/বিভাগসমূহের কর্মকান্ডের মাসিক প্রতিবেদনের উপর মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত পর্যালোচনা সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসংগে।

